



## পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়

নেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮)

৩৭/৩/এ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০

[www.pallisanchaybank.gov.bd](http://www.pallisanchaybank.gov.bd)



স্মারক নং-পসব্য/প্রকা/পরি-৩২/২০২০-২১/৪০৬৬

তারিখঃ ৩১/০৩/২০২১খ্রি.

১) জেলা কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা

পল্লী সঞ্চয় ব্যাংক, সকল জেলা।

২) ব্যবস্থাপক

পল্লী সঞ্চয় ব্যাংক, সকল শাখা।

বিষয়ঃ প্রকল্প হতে ৩১/১২/২০১৪ তারিখ পর্যন্ত প্রদানকৃত ঋণের সার্ভিস চার্জ মওকুফ প্রসঙ্গে।

আমার বাড়ি আমার খামার প্রকল্প (পূর্ব নাম একটি বাড়ি একটি খামার) হতে ৩১/১২/২০১৪ তারিখ পর্যন্ত প্রদানকৃত ঋণের মধ্যে বিপুল পরিমাণ টাকা আদায় হচ্ছেনা যা মেয়াদোত্তীর্ণ খাতে রয়েছে। যে সকল ঋণ গ্রহীতা নিম্নবর্ণিত কারণে ঋণের টাকা পরিশোধ করতে পারছেন না তাদের ঋণের আসল ৩০/০৬/২০২১ তারিখের মধ্যে আদায় সাপেক্ষে সমুদয় সার্ভিস চার্জ মওকুফের বিষয়ে ব্যাংকের পরিচালনা বোর্ডের ১৪/০৩/২০২১ তারিখে অনুষ্ঠিত ৬০তম সভায় সিদ্ধান্ত প্রদান করা হয়েছেঃ

(ক) যে সকল ঋণ গ্রহীতা মৃত্যুবরণ করেছেন এবং আর্থিক অনটনের কারণে তাদের উত্তরাধীকারীগণ ঋণের টাকা পরিশোধ করতে পারছেননা;

(খ) যাদের বাড়ী ঘর নদী গর্ভে বিলীন হওয়ায় আর্থিক অনটনের কারণে ঋণের টাকা পরিশোধ করতে পারছেননা; এবং

(গ) আর্থিক অচ্ছলতার কারণে যারা ঋণের টাকা পরিশোধ করতে পারছেননা।

০২। উক্ত সার্ভিস চার্জ মওকুফের জন্য নিম্নবর্ণিত ডকুমেন্টস গ্রহণ করতে হবে এবং শাখায় সংরক্ষণ করতে হবেঃ

(ক) সমিতির রেজিউলিশনের কপি।

(খ) সুদ মওকুফের আবেদন।

০৩। উপরোক্ত সিদ্ধান্ত মোতাবেক ক্রশ প্রোগ্রাম গ্রহণ করে প্রকল্প হতে ৩১/১২/২০১৪ তারিখ পর্যন্ত প্রদানকৃত ঋণের আসল টাকা ৩০/০৬/২০২১ তারিখের মধ্যে আদায় করে সার্ভিস চার্জ মওকুফের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। আসল টাকা আদায় করে সিবিএস এর মাইক্রোফাইন্যান্স মডিউলে Service Charge Waiver এর অপশনে সংশ্লিষ্ট ঋণ গ্রহীতার হিসাবে পোস্টিং প্রদান করতে হবে যা প্রধান কার্যালয় হতে Approve প্রদানের পর কার্যকর হবে।

(স্বাক্ষর হোসেন)

ব্যবস্থাপনা পরিচালক (অতিঃ সচিব)

তারিখঃ ৩১/০৩/২০২১খ্রি.

স্মারক নং-পসব্য/প্রকা/পরি-৩২/২০২০-২১/

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১) চেয়ারম্যান, পল্লী সঞ্চয় ব্যাংক।

২) প্রকল্প পরিচালক, আমার বাড়ি আমার খামার প্রকল্প।

৩) জেলা প্রশাসক, -----জেলা।

৪) উপজেলা নির্বাহী অফিসার, -----উপজেলা।

৫) নথি।

ব্যবস্থাপক  
পল্লী সঞ্চয় ব্যাংক  
-----শাখা।

বিষয়ঃ ঋণের সার্ভিস চার্জ মওকুফের আবেদন।

মহোদয়

বিনীত নিবেদন এই যে, আমি/নিম্নবর্ণিত ঋণ গ্রহীতা -----(সম্পর্ক) আমার বাড়ি আমার খামার প্রকল্প (পূর্ব নাম একটি বাড়ি একটি খামার) হতে ঋণ গ্রহণ করেছি/করা হয়েছে। আমার আর্থিক অনটন/ঋণ গ্রহীতার মৃত্যুজনিত কারণে ঋণের টাকা পরিশোধ করা সম্ভব হচ্ছেনা। বর্তমানে আমরা আর্থিক অনটনের মধ্যে দিনাতিপাত করছি। আমরা অনেক কষ্ট করে ঋণের আসল টাকা পরিশোধ করেছি। এমতাবস্থায়, ঋণ গ্রহীতার সমুদয় সুদ মওকুফ করার জন্য বিনীত অনুরোধ জানাচ্ছি। ঋণ গ্রহীতার তথ্যাদি নিম্নরূপঃ

- ১) ঋণ গ্রহীতার নামঃ
- ২) সদস্য আইডি নম্বরঃ
- ৩) সমিতির নামঃ
- ৪) সমিতির আইডি নম্বরঃ
- ৫) ঋণ গ্রহণের পরিমাণঃ
- ৬) ঋণ গ্রহণের তারিখঃ

তারিখঃ

স্বাক্ষর: ঋণ গ্রহীতা/উত্তরাধীকারী  
নামঃ  
ঋণ গ্রহীতার সাথে সম্পর্ক